বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১২৭

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০১ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর সভা প্রসঙ্গে।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)-কে অধিকতর শক্তিশালীকরণ এবং পুঁজিবাজার উন্নয়নের লক্ষ্যে গঠিত কমিটির সভাপতি মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরীর সভাপতিত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. এম আসলাম আলম ও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের চেয়ারম্যান ড. মোঃ সাজ্জাদ হোসেন ভূইয়া এর অংশগ্রহণে একটি সভা অদ্য ০১ জুন ২০২৫ রোজ রবিবার তারিখে পরিকল্পনা কমিশনে অনুষ্ঠিত হয়েছে।

উক্ত সভায় দেশের পুঁজিবাজার, বীমা খাত ও অর্থনীতির উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সভায় বীমা খাতের উন্নয়ন, পুঁজিবাজার ও অর্থনীতির উন্নয়নে বীমা কোম্পানিসমূহের অবদান বৃদ্ধির বিষয়ে এসময় আলোচনা হয়েছে। এছাড়াও পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিসমূহের আর্থিক বিবরণীর স্বচ্ছতা ও যথার্থতা নিশ্চিতকরণে অডিটরের দায়িত্ব নিরূপণ ও ব্যবস্থা গ্রহণ পূর্বক সার্বিকভাবে আর্থিক বিবরণীর মান উন্নয়ন বিষয়ে আলোচনা হয়েছে।

সভায় মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী ড. আনিসুজ্জামান চৌধুরী বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের মধ্যে সমন্বয় বৃদ্ধি, আর্থিক বিবরণীর মানোন্নয়ন এবং পুঁজিবাজার, বীমা খাত ও অর্থনীতির উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেছেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

০১/০৬/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

